

ফরম - "খ"

[ধারা ৭ এর (১)নং উপ-ধারা দ্রষ্টব্য]

এল.এ কেস নং- ০৪/২০২২-২০২৩

তারিখঃ- ২৭ / ০৮ / ২০২৩ খ্রিঃ

প্রসেস নং- ২৪৭

নোটিশ

প্রাপক: (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো)

- ১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুমিল্লা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), লাকসাম, কুমিল্লা।
- ৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, লাকসাম, কুমিল্লা।
- ৬। এল.এ/এস.এ শাখার নোটিশ বোর্ড, কুমিল্লা।
- ৭। মৌজার প্রকাশ্যে স্থানে লটকাইয়া জারী।
- ৮। জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

এতদ্বারা ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন (২০১৭ সনের ২১নং আইন) এর ৭ এর (ক) ধারা মোতাবেক নোটিশ প্রদান করা হইল যে, সরকার নিম্নবর্ণিত তফসিলভুক্ত সম্পত্তি এলজিইডির অধীন "পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন "চুনতি ব্রীজ-মনোহরপুর সড়কে ০.০০ মি. চেইনেজে ডাকাতিয়া নদীর উপর ৪৩.০০ মিটার ব্রীজসহ এপ্রোচ সড়ক নির্মাণ" শীর্ষক প্রকল্পের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিবার এবং উহার দখল গ্রহণ করিতে মনস্থ করিয়াছেন;

অতএব, উক্ত সম্পত্তি মালিক/দখলকার/স্বার্থবান ব্যক্তিগণকে এতদ্বারা অনুরোধ জানান যাইতেছে যে, তাহারা যেন, ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ০৬/১০/২০২৩ তারিখে ৮.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে এল.এ শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা অফিসে/স্থানে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থিত হইয়া,

- উক্ত সম্পত্তিতে তাহার/তাহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্ত রূপ স্বার্থের ভিত্তিসহ দাবীর পূর্ণ বিবরণ প্রদান করবেন এবং
- উক্ত সম্পত্তির বা উহার কোন অংশের অংশীদার, লীজগ্রহীতা অথবা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে বা উক্ত সম্পত্তি বাবদ তাহারা কেহ কোন স্বার্থ বা লভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব বিবৃতি প্রদান করিবেন অথবা লিখিত বিবৃতি পেশ করিবেন।
- শুনানীকালে প্রদর্শনের জন্য সকল দলিলাদি/কাগজপত্রাদি সংগে আনিবেন;

তফসিল


মৌজা: মধ্য শ্রীপুর,

জে,এল নং- ১৫২,

উপজেলা- লাকসাম,

জেলা- কুমিল্লা

ক্রমিক নং	খতিয়ান নং		দাগ নং (বি.এস)	দাগে মোট জমির পরিমাণ (একর)	রেকর্ডীয় শ্রেণী	বাস্তব শ্রেণী	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	মন্তব্য
	বি.এস	সৃজিত						
১	৩৫		১২	০.১২০০	নাল	ভিটি	০.০৩৫০	
২	৪৫		১৩	০.০৬০০	পুকুর	ভিটি	০.০১২৫	
৩	৫৮, ৯৮, ১০২, ১২৫, ১২৭		১৪২	০.৬৬০০	বাড়ি	বাড়ী	০.০৪৫০	
৪	২		১৪১	০.০৯০০	রাস্তা	রাস্তা	০.০০২৫	
সর্বমোট =							০.০৯৫০	


২৭/০৮/২৩
রাজীব চৌধুরী
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
কুমিল্লা।